গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

**বিষয়: শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কে এম খালিদ, এমপি |
| | : | মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০১ অক্টোবর ২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১২:১৫ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভার্চুয়াল প্লাটফর্ম |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, ১৯৭৫ সালের নির্মম হত্যাকান্ডের শিকার শহীদ শেখ রাসেলের স্মরণে ২০২১ সাল হতে জাতীয়ভাবে শেখ রাসেল দিবস পালন করা হচ্ছে। আগামী ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ এ বছরও 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন করা হবে। 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় ইতোমধ্যে গত ৩০/০৭/২০২৩ খ্রি: তারিখ একটি সভা আয়োজন করেছে। সভায় 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে এবং বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা-কে কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব প্রদান করেছে। অত:পর সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও ভার্চুয়ালি সংযুক্ত দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনান্তে 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্যতা বজায় রেখে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা তাদের স্ব স্ব কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করবে মর্মে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.১ | মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ ৬.৩০ টায় বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পণ করবেন এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা স্ব স্ব দপ্তরে রক্ষিত শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন (আইসিটি বিভাগ কর্তৃক অনুমোদিত শেখ রাসেল এঁর প্রতিকৃতি,লোগো,ফুলের রিং এর নমুনা অনুযায়ী এবং প্রতিকৃতির সর্বনিম্ন আকার হবে দৈর্ঘ্য ০৪ ফুট× প্রস্থ ০৩ ফুট। সমানুপাতিক হারে অথবা উল্লেখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতি স্থাপন করা যাবে)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২.২ | ১৮ অক্টোবর ২০২৩ 'শেখ রাসেল দিবস' উপলক্ষ্যে সকাল ১১.৩০টা বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে সঙ্গীত মিলনায়তনে একটি আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপনা করবেন ঔপন্যাসিক জনাব আনোয়ারা সৈয়দ হক এবং আলোচক হিসেবে থাকবেন- ১) জনাব মুহম্মদ নুরূল হুদা, মহাপরিচালক, | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| | বাংলা একাডেমি; ২) জনাব এ এফ এম হায়াতুল্লাহ, নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট। সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির শিল্পীরা আংশগ্রহণ করবেন। উক্ত আলোচনা সভায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণ উপস্থিত থাকবেন। | |
| ২.৩ | বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত শেখ রাসেলের উপর লিখিত ২টি বই বেসরকারি লাইব্রেরিতে প্রদান করবে। | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ২.৪ | বাংলাদেশ শিল্পকলা একাডেমি নিম্নরূপ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করবে:<br><br>প্রতিযোগিতার ধরণ — বিষয় — টার্গেটেড গ্রুপ<br>চিত্রাঙ্কন — আমার তুলিতে শেখ রাসেল — ৮-১২<br>রচনা — প্রিয় শেখ রাসেল — ১৩-১৮<br><br>এছাড়াও বাংলাদেশ শিল্পকলা একাডেমি শিশুদের জন্য নাটিকা পরিবেশন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২.৫ | বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাথে সমন্বয় করে আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ অথবা সুবিধাজনক সময়ে বাংলাদেশ জাতীয় জাদুঘর শেখ রাসেল-কে নিয়ে একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ২.৬ | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা নিজ অর্থায়নে গত বছরের ন্যায় তাদের নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন করবে (মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মসূচির তালিকা সংযুক্ত)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২.৭ | "শেখ রাসেল দিবস ২০২৩" এর প্রতিপাদ্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে পাওয়ার পর সকল দপ্তর/সংস্থাকে জানানো হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

০৩. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি "শেখ রাসেল দিবস ২০২৩" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে এবং উপস্থিত ও ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে এম খালিদ, এমপি
প্রতিমন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯৮.২৩. ৫৬৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৫. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৬. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১১. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১৩. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৫. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৬. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৮. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৯. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
২০. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার;

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি।

০৯/১০/২০২৩

আইরীন ফারজানা
উপসচিব

**১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের আওতাধীন**

**দপ্তর/সংস্থার কর্মসূচি**

| ক্রমিক | দপ্তর/সংস্থা | অনুষ্ঠান/ কর্মসূচির নাম বা বিবরণ |
|---|---|---|
| ১. | বাংলা একাডেমি | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | কবিতা: সারাদেশে শিশু-কিশোরদের মাঝে 'শেখ রাসেল দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কবিতা বা প্রবন্ধ আহ্বান করবে এবং নির্বাচিত কবিতা বা প্রবন্ধ বই আকারে প্রকাশ করবে |
| | | আলোচনা সভা |
| ২. | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শিশুদের জন্য নাটিকা পরিবেশন |
| | | আমার তুলিতে শেখ রাসেল বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| | | প্রিয় শেখ রাসেল বিষয়ক রচনা প্রতিযোগিতা |
| ৩. | গণগ্রন্থাগার অধিদপ্তর | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | আলোচনা সভা |
| | | চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| | | শিশু-কিশোরদের নিয়ে উপস্থিত ছড়া লেখা প্রতিযোগিতা |
| ৪. | বাংলাদেশ জাতীয় জাদুঘর | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | মিলাদ মাহফিল আয়োজন |
| | | আলোচনা সভা/ প্রদর্শনী |
| ৫. | জাতীয় গ্রন্থকেন্দ্র | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | সারাদেশের অনুদানপ্রাপ্ত বেসরকারি লাইব্রেরিতে বাংলা একাডেমি হতে প্রকাশিত শেখ রাসেল বিষয়ক ০২ (দুই)টি করে বইয়ের কপি প্রদান করবেন। |
| ৬. | কবি নজরুল ইনস্টিটিউট | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শেখ রাসেলের বর্ণিল শৈশব/ এতদসংক্রান্ত স্মৃতি থেকে পাঠ |
| | | কবিতা আবৃত্তি |
| ৭. | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | নির্বাচিত কিছু বিদ্যালয়ে শিশু-কিশোরদের মাঝে স্বাস্থ্যবিধি অনুসরণ করে 'লালবাগ দুর্গ' সংক্রান্ত ডকুমেন্টারি প্রদর্শন এবং অনলাইনেও প্রদর্শনের আয়োজন |
| ৮. | বাংলাদেশ কপিরাইট অফিস | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| ৯. | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | মুক্তিযুদ্ধ বিষয়ক শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন |
| | | আলোচনা সভা |
| ১০. | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শেখ রাসেল এর উপর প্রকাশিত প্রকাশনার সমন্বয়ে অধিদপ্তরাধীন জাতীয় গ্রন্থাগার ভবনের প্রদর্শনী কক্ষে 'শেখ রাসেল কর্ণার' প্রদর্শনী |
| ১১. | বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| ১২. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, নেত্রকোণা | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | রচনা প্রতিযোগিতা |
| | | শেখ রাসেলের প্রতিকৃতি অঙ্কণ প্রতিযোগিতা |

| | | |
|---|---|---|
| | | শেখ রাসেলের উপর লেখা ছড়া, গান, কবিতা-আবৃত্তি প্রতিযোগিতা |
| ১৩. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শেখ রাসেল বিষয়ক রচনা প্রতিযোগিতা |
| | | চিত্রাঙ্কন : পেন্সিল স্কেচ (শেখ রাসেলের প্রতিকৃতি) |
| | | কবিতা আবৃত্তি (শেখ রাসেলের উদ্দেশ্যে নিবেদিত কবিতা) |
| ১৪. | মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন, ছড়া ও সঙ্গীত প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান |
| ১৫. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | গানের প্রতিযোগিতা |
| | | চিত্রাঙ্কন ও ছড়া প্রতিযোগিতা |
| ১৬. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| | | শিশু কিশোরদের ছড়াগান প্রতিযোগিতা |
| ১৭. | রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| | | শিশু কিশোরদের ছড়াগান প্রতিযোগিতা |
| ১৮. | কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার | শেখ রাসেল এঁর ম্যুরাল/ প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ |
| | | শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা |
| | | শিশু কিশোরদের ছড়াগান প্রতিযোগিতা |